দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 1 8 1999
পৃষ্ঠা ২২, কলাম ৭

159

আভ্যন্তরীণ কোন্দলের জের

# ঢাকা ভার্সিটিতে প্রতিপক্ষের ছুরিকাঘাতে ছাত্র লীগের কর্মী গুরুতর আহত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আভ্যন্তরীণ কোন্দলের জের হিসেবে গতকাল (মঙ্গলবার) প্রভাত সূত্রধর নামে মুজিববাদী ছাত্র লীগের একজন কর্মী প্রতিপক্ষের ছুরিকাঘাতে মারাত্মকভাবে আহত হয়। গতকাল বেলা ১১টায় সে শামসুন্নাহার হলের উত্তর গেটে দাঁড়িয়েছিল। এ সময় সন্দিপ, সঞ্জয় ও রিপনসহ ছাত্র লীগের ৮/৯ জন ক্যাডার তার উপর আক্রমণ করে। হামলাকালে তারা তাঁর পিঠে উপর্যুপরি ছুরিকাঘাত করে পালিয়ে যায়। পরে তাকে আহতাবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। প্রভাত সূত্রধর ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের ২য় বর্ষের ছাত্র। সে জগন্নাথ হলের ২২০ নং রুমের আবাসিক ছাত্র।